*AP-IV/Bengali-404/Sec-2/19*

# B.A. 4th Semester (Programme) Examination, 2019

## BENGALI

### (ব্যবহারিক বাংলা চর্চা ও অনুবাদ চর্চা)

### Paper : 404-Sec-2

### Course ID : 40110

**সময় ঃ ২ ঘন্টা** **পূর্ণমান ঃ ৪০**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

সঠিক উত্তরটি চিহ্নিত করো ঃ ২×২০=৪০

১। বিদ্যাসাগর অনূদিত 'বেতাল পঞ্চবিংশতি'-র উৎস গ্রন্থটি কোন ভাষায় রচিত?

(ক) বাংলা (খ) হিন্দী
(গ) সংস্কৃত (ঘ) ইংরাজী

২। বিদ্যাসাগর 'Rudiments of Knowledge' অবলম্বনে লেখেন

(ক) বোধোদয় (খ) বর্ণপরিচয়
(গ) কথামালা (ঘ) শকুন্তলা

৩। বিদ্যাসাগরের 'ভ্রান্তিবিলাস' নাটকটি শেক্সপীয়রের কোন নাটকের ভাবানুবাদ?

(ক) As you like it (খ) Macbeth
(গ) The Comedy of Errors (ঘ) The Winter's Tale

৪। 'কে হায়, হৃদয় খুঁড়ে বেদনা জাগাতে ভালোবাসে'— কার কবিতার অংশ?

(ক) সুধীন্দ্রনাথ দত্ত (খ) জীবনানন্দ দাশ
(গ) শঙ্খ ঘোষ (ঘ) আলোক সরকার

৫। বুদ্ধদেব বসুর 'স্তোত্র' কবিতাটি কোন কবির কোন কবিতা থেকে অনূদিত?

(ক) ফ্রিডরিখ হোল্ডারলিন (খ) পাবলো নেরুদা
(গ) রাইনে মারিয়া রিলকে (ঘ) শার্ল বোদলেয়ার

৬। 'শার্ল বোদলেয়ার ঃ তাঁর কবিতা'— বইটি কার লেখা?

(ক) অলোকরঞ্জন দাশগুপ্ত (খ) বিদ্যাসাগর
(গ) বুদ্ধদেব বসু (ঘ) সত্যেন্দ্রনাথ দত্ত

৭। 'চলন্তিকা' গ্রন্থটির রচয়িতা

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) রাজশেখর বসু
(গ) অন্নদাশঙ্কর রায় (ঘ) বুদ্ধদেব বসু

৮। প্রশ্নবোধক বাক্যে 'কী' ব্যবহৃত হবে, যখন উত্তর

(ক) 'হ্যাঁ' হবে। (খ) 'না' হবে।

(গ) 'হ্যাঁ' বা 'না' হবে। (ঘ) বর্ণনামূলক উত্তর হবে।

৯। সঠিক বানানটি হল

(ক) আকাংক্ষা (খ) আকাঙক্ষা

(গ) আকাংখা (ঘ) আকাঙ্খা

১০। মান্য চলিত বাংলায় যে বানানটি সঠিক তা চিহ্নিত করো।

(ক) ভাঙ্গা (খ) ভাংগা

(গ) ভাঙা (ঘ) কোনোটিই নয়

১১। সংস্কৃত ণত্ব-বিধান প্রযোজ্য কেবলমাত্র

(ক) তৎসম শব্দের ক্ষেত্রে (খ) তদ্ভব শব্দের ক্ষেত্রে

(গ) দেশি শব্দের ক্ষেত্রে (ঘ) বিদেশি শব্দের ক্ষেত্রে

১২। একই বাক্যে একাধিক অংশের মধ্যে সামান্য সময়ের জন্য থামবার জন্য ব্যবহার করা হয়

(ক) প্রশ্নচিহ্ন (খ) ড্যাশ

(গ) কমা (ঘ) হাইফেন

১৩। কোনোও বিষয়ে সন্দেহ-সংশয় থাকলে বাক্যের মাঝখানে যে চিহ্ন ব্যবহার করা হয়

(ক) কমা (খ) সেমিকোলন

(গ) প্রশ্নচিহ্ন (ঘ) বিস্ময় চিহ্ন

১৪। গ্রন্থপঞ্জিতে একটি গ্রন্থ বর্ণানুক্রমে কতবার উল্লেখ করা যায়?

(ক) একবার (খ) দুইবার

(গ) তিনবার (ঘ) একবারও নয়

১৫। বাংলাভাষায় হোল্ডারলীনের কবিতার প্রথম অনুবাদক কে?

(ক) বুদ্ধদেব বসু (খ) অলোকরঞ্জন দাশগুপ্ত

(গ) জীবনানন্দ দাশ (ঘ) সুভাষ মুখোপাধ্যায়

১৬। গ্রন্থপঞ্জিতে সাময়িক পত্রিকায় প্রকাশিত প্রবন্ধাদি থেকে সংগৃহীত উপাদানের উৎস-পরিচায়ক তথ্য দেবার ক্ষেত্রে প্রথমে লিখতে হয়

(ক) পত্রিকার নাম (খ) প্রবন্ধ রচয়িতার নাম

(গ) প্রবন্ধের শিরোনাম (ঘ) পত্রিকার প্রকাশকাল

১৭। গ্রন্থপঞ্জির সম্ভাব্য উৎস হল

(ক) প্রকাশিত গ্রন্থ (খ) সাময়িক ও দৈনিক পত্রিকা

(গ) আইন সম্বন্ধীয় প্রকাশনা (ঘ) সবগুলিই

১৮। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ‘বাংলা বানানের নিয়ম’ কমিটির (১৯৩৫) সম্পাদক কে ছিলেন?

(ক) রাজশেখর বসু (খ) চারুচন্দ্র ভট্টাচার্য

(গ) পবিত্র সরকার (ঘ) বুদ্ধদেব বসু

১৯। সরল, কৃত্রিম ও শ্রেষ্ঠ— এই তিন প্রকারের অনুবাদের কথা বলেন

(ক) জ্যাকবসন (খ) প্রমথ চৌধুরী

(গ) গ্যেটে (ঘ) এজরা পাউন্ড

২০। আলোকরঞ্জন দাশগুপ্ত অনূদিত ‘নিয়তির গান ঃ হাইপেরিঅন’ কবিতাটি কোন কবির কবিতার অনুবাদ?

(ক) ফ্রিডরিখ হেল্ডারলিন (খ) বোদলেয়ার

(গ) রাইনে মারিয়া রিল্‌কে (ঘ) ভিক্টর উগো

———

*AH-IV/Bengali-405-Sec-2/19*

## B.A. 4th Semester (Honours) Examination, 2019

## BENGALI

(বাংলা রচনাশক্তির নৈপুণ্য)

## Paper : 405-Sec-2

## Course ID : 40115

**সময়ঃ ২ ঘণ্টা** **পূর্ণমানঃ ৪০**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) পত্র কত প্রকার এবং কী কী?

(খ) 'বীরাঙ্গনা কাব্যে'র পত্রসংখ্যা কত?

(গ) 'Scoop' শব্দটি কোন বিষয়ের সঙ্গে যুক্ত?

(ঘ) ক্রোড়পত্র কোন ধরনের পত্রের সঙ্গে যুক্ত থাকে?

(ঙ) 'প্রতিবেদন' শব্দের অর্থ কী?

(চ) ভারতে বর্তমানে প্রচলিত কপিরাইট আইনের নাম কী?

(ছ) কাল্পনিক সাক্ষাৎকার রচনার উদ্দেশ্য কী?

(জ) প্রুফ সংশোধনের আধার কী?

২। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) প্রতিবেদনের সংজ্ঞা দাও।

(খ) ব্যক্তিগত পত্র রচনার নিয়মগুলি উদাহরণসহ আলোচনা করো।

(গ) প্রুফ সংশোধনের উদ্দেশ্য কী? প্রুফ সংশোধনের কয়েকটি নিয়ম উল্লেখ করো।

(ঘ) কাল্পনিক সাক্ষাৎকার রচনার নিয়মগুলি আলোচনা করো।

৩। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) যে কোনো বিষয় অবলম্বনে একটি আদর্শ প্রতিবেদন রচনা করো।

(খ) তোমার এলাকার কোনো সমস্যার কথা জানিয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণের উদ্দেশ্যে সংবাদপত্র সম্পাদকের কাছে একটি পত্র লেখো।

(গ) কোনো খ্যাতনামা ব্যক্তির সাক্ষাৎকার গ্রহণের একটি কাল্পনিক খসড়া রচনা করো।

(ঘ) 'প্রুফ সংশোধন ও বর্তমান পুস্তক প্রকাশনার মান'— এই বিষয় নিয়ে একটি প্রবন্ধ রচনা করো।

———————

*AH-IV/Bengali-404-GE-4/19*

# B.A. 4th Semester (Honours) Examination, 2019

# BENGALI

## (রবীন্দ্রসাহিত্য)

## Paper : 404-GE-4

## Course ID : 40114

**সময়ঃ ২ ঘণ্টা** **পূর্ণমানঃ ৪০**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। যে কোনো *পাঁচটি* প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) ‘বাঁশি’ কবিতায় উল্লিখিত রেলস্টেশন ও নদীটির নাম লেখো।

(খ) ‘মুক্তি’ কবিতার নায়িকার ‘সংসারে’ প্রবেশ ও প্রস্থানের বয়স কত?

(গ) রামসুন্দর বেহাইয়ের কাছে কার বাড়ির কোন ঘটনার আদ্যোপান্ত বিবরণ দিয়েছিলেন?

(ঘ) হরিহর সন্ন্যাসী প্রদত্ত কাগজটি কী কাঠের বাক্সে কোথায় লুকিয়ে রেখেছিলেন?

(ঙ) হাবলুর প্রকৃত নাম কী? তার বয়স কত?

(চ) বেঙ্কট শাস্ত্রী কোথা থেকে এসেছিলেন এবং মধুসূদনের মুখের দিকে চেয়ে প্রথমে কী বলেছিলেন?

(ছ) কার রচনার প্রভাবে ‘কালের যাত্রা’ নাটকের ভাবনা রবীন্দ্রনাথের মনে উদয় হয়? নাটকটি কবি কাকে উৎসর্গ করেছিলেন?

(জ) ‘‘কালের রথ যাত্রায় কোনো হাত নেই তোমাদের।’’— কে, কাদের উদ্দেশ্যে একথা বলেছেন?

২। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ‘‘এমন অনেক মালতী আছে বাংলাদেশে’’— বক্তার এই উক্তির কারণ ব্যাখ্যা করো।

(খ) ‘‘এই গেল এই গল্পের প্রথম পালা’’— প্রথম পালার ঘটনাটি বর্ণনা করো।

(গ) ‘‘একদিন ওখানে যেতে তো হবেই, আর তো রাস্তা নেই।’’— কে, কেন একথা বলেছেন?

(ঘ) ‘য়ুরোপখণ্ডকে’ কার চেলা বলা হয়েছে এবং কেন— ব্যাখ্যা করো।

৩। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) মেঘদূত কবিতার রচনাশৈলী বিচার করো।

(খ) ‘নষ্টনীড়’ গল্পের নামকরণের যথার্থতা নির্দেশ করো।

(গ) ‘যোগাযোগ’ উপন্যাস অবলম্বনে লেখকের জীবনদর্শনের পরিচয় দাও।

(ঘ) ‘কালের যাত্রা’ নাটকে শূদ্র জনসাধারণের ভূমিকা পর্যালোচনা করো।

———

*AH-IV/Bengali-401/C-8/19*

# B.A. 4th Semester (Honours) Examination, 2019

## BENGALI

## (বাংলা লোকঐতিহ্য ও লোকসংস্কৃতি)

## Paper : 401C-8

## Course ID : 40111

**সময়ঃ ২ ঘন্টা** **পূর্ণমানঃ ৪০**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) দুটি বস্তুগত লোকসাংস্কৃতিক উপাদানের নাম লেখো।

(খ) লোকসাহিত্য কাকে বলে?

(গ) দুটি জনজাতির নাম লেখো— যারা দেওয়াল চিত্র অঙ্কন করে।

(ঘ) পটচিত্র কেন একই সঙ্গে দৃশ্য-শ্রব্য মাধ্যম হিসাবে চিহ্নিত হয়?

(ঙ) ভাদু গানের সঙ্গে কোন রাজপরিবারের মিথ জড়িয়ে আছে?

(চ) বাউল গানে ব্যবহৃত দুটি লোকবাদ্যযন্ত্রের নাম লেখো।

(ছ) চারণকবি বৈদ্যনাথ ও তাঁর পুত্রের সম্পাদিত পত্রিকা দুটির নাম লেখো।

(জ) রবীন্দ্রনাথ ছড়াকে কীসের সঙ্গে তুলনা করেছেন?

২। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) লোক সাহিত্যের বিভিন্ন ভাগের পরিচয় দাও।

(খ) রামকিঙ্কর বেইজের শিল্পকলায় লোকজ উপাদান বিষয়ে আলোচনা করো।

(গ) ঝুমুরের প্রকারভেদগুলি সংক্ষেপে বর্ণনা করো।

(ঘ) পাঠ্য কবিতাগুলির আলোকে চারণকবি বৈদ্যনাথের পরিচয় দাও।

৩। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) লোকসংস্কৃতির সংজ্ঞা দিয়ে লোকসংস্কৃতির বিভিন্ন আঙ্গিকগুলির পরিচয় দাও।

(খ) অবনীন্দ্রনাথ ঠাকুরের চিত্রে লোকায়ত বৈশিষ্ট্যের বর্ণনা দাও।

(গ) ভাটিয়ালি গানের বিষয় ও সুরের বৈশিষ্ট্য আলোচনা করো।

(ঘ) ছড়া, ধাঁধা ও প্রবাদকে কেন্দ্র করে লোকসাহিত্যে মৌখিক সাহিত্যের গুরুত্ব নির্ণয় করো।

———————

*AH-IV/Bengali-402-C-9/19*

# B.A. 4th Semester (Honours) Examination, 2019

# BENGALI

## (উনিশ ও বিশ শতকের কাব্য ও নাটক)

## Paper : 402-C-9

## Course ID : 40112

সময়ঃ ২ ঘণ্টা পূর্ণমানঃ ৪০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাওঃ ২×৫=১০

(ক) 'মেঘনাদবধ কাব্যে'র প্রথম ও শেষ সর্গের নাম কী?

(খ) 'মেঘনাদবধ কাব্যে' বর্ণিত ঘটনার সময়সীমা কত?

(গ) 'সধবার একাদশী' প্রহসনটির প্রকাশকাল কত? প্রহসনটি ক-টি অঙ্কে বিন্যস্ত?

(ঘ) 'বিভাব' নাটকে 'বিভাব' কথার অর্থ কী?

(ঙ) 'বিভাব' কী জাতীয় নাটক? এই নাটকে বৌদির নাম কী?

(চ) 'সধবার একাদশী' প্রহসনটিতে গণিকা চরিত্রের নাম লেখো।

(ছ) 'চম্পা' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? কাব্যগ্রন্থটির প্রকাশকাল লেখো।

(জ) 'পরান্মুখ সবুজ নালীঘাস'— 'পরান্মুখ' শব্দের অর্থ কী? 'সবুজ নালীঘাস' কীসের প্রতীক?

২। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০

(ক) 'মেঘনাদবধ কাব্য' অবলম্বনে সীতা-সরমা কথোপকথন অংশের গুরুত্ব বিচার করো।

(খ) মধুসূদন দত্তের 'আত্মবিলাপ' কবিতাটিকে গীতিকবিতা বলা যায় কিনা তা বিচার করো।

(গ) 'সধবার একাদশী' প্রহসন অবলম্বনে নিমচাঁদ চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

(ঘ) 'আমাদের মনে হয় এর নাম হওয়া উচিত—অভাব নাটক'— বক্তার এই মন্তব্যের কারণ কী?

৩। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×২=২০

(ক) মহাকাব্য কাকে বলে? মহাকাব্য হিসাবে 'মেঘনাদবধ কাব্য' কতখানি সার্থক পাঠ্য সর্গগুলি অবলম্বনে আলোচনা করো।

(খ) শঙ্খ ঘোষের 'বাবরের প্রার্থনা' আসলে চিরন্তন পিতৃহৃদয়ের আকুতির কবিতা— মন্তব্যটি বুঝিয়ে দাও।

(গ) 'সধবার একাদশী' অবলম্বনে সেকালের সমাজচিত্রের বর্ণনা দাও।

(ঘ) একাঙ্ক নাটক হিসাবে 'বিভাব' কতখানি সার্থক আলোচনা করো।

———

*AP-IV/Bengali-401/C-1D/19*

# B.A. 4th Semester (Programme) Examination, 2019

## BENGALI

## (রবীন্দ্র সাহিত্য)

## Paper : 401C-1D

## Course ID : 40118

**সময়ঃ ২ ঘন্টা** **পূর্ণমানঃ ৪০**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) ‘মেঘদূত’ কবিতাটি কোন কাব্য গ্রন্থের অন্তর্গত? কবিতাটি কোথায় বসে কবি লিখেছেন?

(খ) ‘আমি ছাড়া ঘরে থাকে আর একটা জীব/এক ভাড়াতেই’— কোন কবিতার অংশ? ‘আর একটা জীব’ বলতে কোন জীবের কথা বলা হয়েছে?

(গ) সুরবালা কোন গল্পের নায়িকা? তার স্বামীর নাম কী?

(ঘ) প্রভুর কণ্ঠস্বর শুনিয়া অবিলম্বে ছুটিয়া আসিল— হাঁপাইয়া হাঁপাইয়া বলিল, দাদাবাবু ডাকছ?— প্রভু কে? তিনি কাকে ডাকছেন?

(ঙ) ‘যোগাযোগ’ উপন্যাসের নায়িকার নাম কী? এই উপন্যাসটির পূর্ব নাম কী ছিল?

(চ) ‘যোগাযোগ’ উপন্যাসটি কত খ্রিস্টাব্দে কোন পত্রিকায় প্রকাশিত হয়?

(ছ) ‘অচলায়তন’ নাটকটি কত সালে প্রকাশিত হয়? নাটকটি কাকে উৎসর্গ করা হয়?

(জ) ‘ব্রজবিদারণ’ মন্ত্র কোন কোন সময় জপ করতে হয়? এই মন্ত্র জপ করলে কী লাভ হয়?

২। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) রবীন্দ্রনাথের ‘সাধারণ মেয়ে’ কবিতা অবলম্বনে সাধারণ মেয়ের অসাধারণ হয়ে ওঠার কাহিনিটি সংক্ষেপে লেখো।

(খ) ‘পোস্টমাস্টার’ গল্প অবলম্বনে রতনের চরিত্রের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(গ) ‘অচলায়তন’ নাটকে পঞ্চককে নির্বাসন দেবার কারণ সংক্ষেপে লেখো।

(ঘ) রূপক কবিতা হিসেবে ‘শিশুতীর্থ’ কবিতাটির গ্রহণযোগত্যা বিচার করো।

৩। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ‘মেঘদূত’ কবিতাটিকে প্রাচীন কবি কালিদাসের ‘মেঘদূত’ কাব্যের নবভাষ্য বলা যায় কিনা আলোচনা করো।

(খ) রবীন্দ্রনাথের ‘দেনাপাওনা’ গল্পে পণ প্রথার যে নিষ্ঠুর চিত্র অঙ্কিত হয়েছে তা বর্ণনা করো।

(গ) ‘যোগাযোগ’ উপন্যাসে কুমুদিনী চরিত্রটি কতখানি শিল্প সার্থকতা লাভ করেছে, আলোচনা করো।

(ঘ) ‘অচলায়তন’ নাটকে জীবন বিমুখ শিক্ষাকে কশাঘাত করেছেন রবীন্দ্রনাথ।— মন্তব্যটি পর্যালোচনা করো।

———

*AH-IV/Bengali-403/C-10/19*

# B.A. 4th Semester (Honours) Examination, 2019

## BENGALI

## (বাংলা জীবনীসাহিত্যের ধারা)

## Paper : 403-C-10

## Course ID : 40113

**সময়ঃ ২ ঘন্টা** **পূর্ণমানঃ ৪০**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) রবীন্দ্রনাথের পিতামহের নাম কী? তাঁকে 'প্রিন্স্' বলা হত কেন? ১+১=২

(খ) রবীন্দ্রনাথের জীবনে ৭ই পৌষ দিনটির গুরত্ব ব্যাখ্যা করো।

(গ) রবীন্দ্রনাথ ঠাকুর কোন্ ছড়াটিকে 'শৈশবের মেঘদূত' বলেছেন? ছড়াটির প্রথম দুই চরণ উল্লেখ করো। ১+১=২

(ঘ) 'আমরা তিনটি বালক একসঙ্গে মানুষ হইতেছিলাম'— তিন বালকের নাম উল্লেখ করো।

(ঙ) 'একটি বালিকাকে আজো মনে আছে'।— বালিকাটির পরিচয় দাও।

(চ) 'এই গান শুনে আমার melancholia কেটে যায়'— গানটির পরিচয় দাও।

(ছ) 'বারবাড়িতে' প্রবন্ধে প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্রের কোন্ দুটি উপন্যাসের উল্লেখ করেছেন?

(জ) 'এ বাড়ি ও বাড়ি' প্রবন্ধে কর্তামশাই কোথা থেকে ফিরছিলেন? তাঁর পোশাক কেমন ছিল? ১+১=২

২। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'রবীন্দ্র-জীবনকথা' অবলম্বনে পিতা দেবেন্দ্রনাথের সঙ্গে বালক রবীন্দ্রনাথের সুগভীর পরিচয়ের কথা নিজের ভাষায় বিবৃত করো।

(খ) রবীন্দ্রনাথের 'জীবনস্মৃতি'-তে দক্ষিণের খোলা বারান্দার যে চিত্র ফুটে উঠেছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

(গ) কোন পরিস্থিতিতে প্রাবন্ধিক প্রমথ চৌধুরি 'আত্মকথা' লিখেছিলেন তা 'কৈফিয়ৎ' অংশ অবলম্বনে আলোচনা করো।

(ঘ) 'গোবিন্দ খোঁড়া' চরিত্রটি কোন প্রবন্ধে পাওয়া যায়? সংক্ষেপে চরিত্রটির পরিচয় দাও। ১+৪=৫

৩। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ১৯৩০ সালে রবীন্দ্রনাথ যখন শেষবার য়ুরোপ ভ্রমণে যান তখন ভারতবর্ষের জাতীয় পরিস্থিতি কেমন ছিল তা 'রবীন্দ্র-জীবনকথা' অবলম্বনে বর্ণনা করো।

(খ) ঠাকুরবাড়িতে ছেলেদের শৈশবের শিক্ষাদীক্ষার জন্য যে আয়োজন করা হয়েছিল তা 'জীবনস্মৃতি' অবলম্বনে আলোচনা করো।

(গ) 'আত্মকথা' প্রবন্ধ গ্রন্থের 'কৃষ্ণনগর' পর্বে প্রাবন্ধিক বিভিন্ন ধরনের সঙ্গীত চর্চার যে পরিচয় দিয়েছেন তা নিজের ভাষায় বিবৃত করো।

(ঘ) 'উত্তরের ঘর' প্রবন্ধ অবলম্বনে প্রাবন্ধিক অবনীন্দ্রনাথ ঠাকুরের সৌন্দর্য-চেতনার পরিচয় দাও।

---